গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, খাদ্য মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ - জুন ৩০, ২০১৮

## সূচিপত্র


মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................ ৩

প্রস্তাবনা ........................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........................................ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........................................ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................ ১৪

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........................................ ১৫

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ১৮

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছর সমূহে (৩ বছর ) প্রধান অর্জনসমূহ**

খাদ্য মন্ত্রণালয় দেশের জনগণের খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে সার্বিক প্রচেষ্টা অব্যাহত রেখেছে। এ মন্ত্রণালয়ের যথাযথ উদ্যোগের ফলে বাজারে খাদ্যশস্যের সরবরাহ এবং বাজার মূল্য স্থিতিশীল রয়েছে। দেশ চাল উৎপাদনে স্বয়ংসম্পূর্ণ হওয়ায় শ্রীলংকায় ২৫ হাজার মেট্রিক টন চাল রপ্তানি করা হয়েছে এবং নেপালে ভূমিকম্পে ক্ষতিগ্রস্থদের জন্য ২০ হাজার মেট্রিক টন চাল অনুদান প্রদান করা হয়েছে। গত ৩ বছরে গড়ে প্রায় ১৩ লাখ মেট্রিক টন চাল সংগ্রহের পাশাপাশি কৃষকদের অধিক হারে প্রণোদনা প্রদানের লক্ষ্যে ২০১৬-১৭ সালে ৬.৭০ লাখ মেট্রিক টন ধান ক্রয় করা হয়েছে এবং ধানের মূল্য কৃষকদের ব্যাংক একাউন্টে সরাসরি পরিশোধ করা হয়েছে। পল্লী অঞ্চলে হতদরিদ্র জনসাধারণকে স্বল্পমূল্যে খাদ্য সহায়তা দেয়ার জন্য মাননীয় প্রধানমন্ত্রীর ব্রান্ডিং খাদ্যবান্ধব কর্মসূচি গৃহীত হয়েছে, এই কর্মসূচির মাধ্যমে প্রায় ৫০ লাখ পরিবারকে বছরের ৫ মাস কর্মভাবকালীন সময়ে প্রতি কেজি চাল মাত্র ১০ টাকা দরে মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ করা হচ্ছে। সরকারি খাদ্য গুদামের ধারণক্ষমতা ২০.৪০ লাখ মেট্রিক টনে উন্নীত হয়েছে। নিরাপদ খাদ্য আইন, ২০১৩ এর অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের মাধ্যমে নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে ব্যাপক প্রচারণা ও বিধিমালা প্রণয়ন এ মন্ত্রণালয়ের অন্যতম গুরুত্বপূর্ণ অর্জন।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

কৃষকের নিকট থেকে সরাসরি অধিক পরিমাণ ধান সংগ্রহ, পুষ্টিকর খাদ্যশস্য বিতরণ এবং দেশের জনগণের জন্য নিরাপদ খাদ্য প্রাপ্তি নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ সমন্বিত কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

প্রান্তিক কৃষকের নিকট থেকে সরাসরি ধান সংগ্রহের পরিমান বৃদ্ধিকরা, খাদ্যবান্ধব কর্মসূচি সম্প্রসারণ, পুষ্টিকর খাদ্য বিতরণ পরিধি বৃদ্ধি এবং নিরাপদ খাদ্য আইন, ২০১৩ কার্যকরভাবে বাস্তবায়ন করা।

**২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

- মাত্র ১০ টাকা কেজি দরে ৫০ লাখ পরিবারের মধ্যে ৭.৫০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ
- কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান এবং খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ২০.০০ লাখ মেট্রিক টন খাদ্যশস্য সংগ্রহ
- বাজারমূল্য স্থিতিশীল রাখা, বাজারে খাদ্য প্রাপ্যতা সহজলভ্য করা এবং নিম্নআয়ের জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে সমন্বিত বিতরণ কর্মসূচিতে ৯ লাখ মেট্রিক টন খাদ্যশস্য বিতরণ
- নিরাপদ খাদ্যের রেগুলেটরি ব্যবস্থার উন্নয়নের জন্য ৩টি বিধি/প্রবিধি প্রণয়ন এবং বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে ৩টি সমঝোতা স্মারক স্বাক্ষর
- খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখার জন্য ওএমএস খাতে ৭৫ হাজার মেট্রিক টন চাল ও ৩ লাখ মেট্রিক টন গম বিক্রয়

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের খাদ্য মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৭ সালের জুলাই মাসের ০৬ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সবার জন্য পর্যাপ্ত , নিরাপদ ও পুষ্টিকর খাদ্য

### ১.২ অভিলক্ষ্য (Mission)

সমন্বিত নীতি কৌশল এবং সরকারি খাদ্য ব্যবস্থাপনার মাধ্যমে সবার জন্য নিরাপদ, পর্যাপ্ত ও পুষ্টিকর খাদ্য সরবরাহ নিশ্চিত করা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. খাদ্যশস্যের নিরাপত্তা মজুত এবং কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ
২. দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের ) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ
৩. নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন
৪. খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ
৫. খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীলতা নিশ্চিতকরণ

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন
২. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন
৪. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৫. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা

### ১.৪ কার্যাবলি (Functions)

১. দেশের সার্বিক খাদ্য ব্যবস্থাপনা ও নীতি-কৌশল প্রণয়ন, বাস্তবায়ন ও খাদ্য নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণ;
২. খাদ্যশস্যের আমদানি-রপ্তানি ও বেসামরিক সরবরাহ;
৩. খাদ্যশস্য (ধান, চাল ও গম) সংগ্রহ, মজুদ, বিতরণ ও চলাচল;
৪. খাদ্যশস্যের মূল্য নির্ধারণ, মূল্যের স্থিতিশীলতা আনয়ন ও প্রাপ্যতা সহজলভ্যকরণ;
৫. খাদ্যশস্য মজুদ সংরক্ষণ, খাদ্যের মান পরীক্ষা ও রক্ষণাবেক্ষণ;
৬. খাদ্য পরিকল্পনা, গবেষণা ও পরিধারণ এবং
৭. নিরাপদ খাদ্য আইন-২০১৩ বাস্তবায়ন।

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা ২০১৭-২০১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৮-২০১৯ | ২০১৯-২০২০ | | |
| কৃষকদের জন্য প্রণোদনা মূল্য স্থিতিশীল রাখা | ধানের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১০ | ১.১১ | ১.০৯ | ১.১২ | ১.১২ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | চালের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.১৬ | ১.১১ | ১.১১ | ১.১১ | ১.১১ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | গমের সংগ্রহ মূল্য এবং উৎপাদন খরচের অনুপাত | অনুপাত | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | ১.০৩ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| সাশ্রয়ী মূল্যে দরিদ্র মানুষের খাদ্যশস্য (চাল/ গম/আটা) প্রাপ্তি | খাদ্যবান্ধব কর্মসূচিতে চালের মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | | ৩.২৭ | ৩.২৮ | ৩.২৮ | ৩.৩০ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | চালের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৭ | ০.৬২ | ০.৮০ | ০.৮০ | ০.৮০ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |
| | গমের ওএমএস মূল্য এবং বাজার মূল্যের অনুপাত | অনুপাত | ০.৭৪ | ০.৭২ | ০.৭৮ | ০.৭৮ | ০.৭৮ | কৃষি মন্ত্রণালয় | এফপিএমইউ |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] খাদ্যশস্যের নিরাপত্তা মজুত এবং কৃষকদের প্রণোদনা মূল্য প্রদান নিশ্চিতকরণ | ৩৭ | [১.১] অভ্যন্তরীণ ধান সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান | লাখ মেঃ টন | ৪.০০ | ০.৭১ | ৩.১১ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | ৫.৫০ | ৫.০০ | ৭.৫০ | ৮.০০ |
| | | [১.২] অভ্যন্তরীণ চাল সংগ্রহ | [১.২.১] সংগৃহীত চাল | লাখ মেঃ টন | ১০.০০ | ১৩.০০ | ১০.২৯ | ১২.০০ | ১১.৫০ | ১১.০০ | ১০.৫০ | ১০.০০ | ১২.০০ | ১২.০০ |
| | | [১.৩] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত গম | লাখ মেঃ টন | ২.০০ | ২.০৫ | ০.৯২ | ১.০০ | ০.৯০ | ০.৮০ | ০.৭০ | ০.৬০ | ২.০০ | ৩.০০ |
| | | [১.৪] বছর শেষে ন্যুনতম মজুদ গড়ে তোলা | [১.৪.১] মজুদকৃত খাদ্যশস্য | লাখ মেঃ টন | ৪.০০ | ১১.৫৩ | ৪.৬০ | ১০.০০ | ৯.৫০ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ১০.০০ | ১০.০০ |
| | | [১.৫] নিজস্ব সম্পদে গম আমদানি | [১.৫.১] আমদানিকৃত গম | লাখ মেঃ টন | ৩.০০ | ৮.৫৩ | ১.০০ | ৩.০০ | ২.৭৫ | ২.৬০ | ২.৫০ | ২.৪০ | ৫.০০ | ৫.০০ |
| | | [১.৬] নতুন গুদাম নির্মাণ | [১.৬.১] নির্মিত ধারণক্ষমতা | হাজার মে: টন | ৩.০০ | ৩৫ | ৩৫.০০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫০ | ৫০ |
| | | [১.৭] অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | [১.৭.১] নির্মিত স্থাপনার সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ১৪ | ০.০০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২৫ | ২৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [১.৮] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [১.৮.১] মেরামতকৃত ধারণক্ষমতা | হাজার মে: টন | ৩.০০ | ৩৫ | ৪০.২২ | ৩৫ | ৩৩ | ৩১ | ২৯ | ২৮ | ৪৫ | ৫০ |
| | | [১.৯] নিজস্ব সম্পদে চাল আমদানি | [১.৯.১] আমদানিকৃত চাল | লাখ মেঃ টন | ৫.০০ | ০ | ০ | ৫.০০ | ৪.৫০ | ৪.০০ | ৩.৫০ | ৩.০০ | ৫.০০ | ৫.০০ |
| [২] দরিদ্র ও হতদরিদ্র জনসাধারণের (বিশেষ করে মহিলা ও শিশুদের ) জন্য খাদ্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ | ১৮ | [২.১] খাদ্যবান্ধব কর্মসূচি | [২.১.১] বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ১০.০০ | ০০ | ৬.৮৫ | ৭.৫০ | ৭.০০ | ৬.৫০ | ৬.০০ | ৫.৫০ | ৭.৫০ | ৭.৫০ |
| | | [২.২] লক্ষমুখী কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণ | [২.২.১] বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ৮.০০ | ১২.২৮ | ৮.৮৬ | ৯.০০ | ৮.৫০ | ৮.০০ | ৭.৫০ | ৭.০০ | ১০.০০ | ১১.০০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] নিরাপদ খাদ্য প্রাপ্তি ও পুষ্টি পরিস্থিতির উন্নয়ন | ১০ | [৩.১] খাদ্যের মান পরীক্ষা ও ঝুঁকি নির্ধারণ | [৩.১.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ৩৫১ | ৪৮৫ | ৫০০ | ৪৭৫ | ৪৫০ | ৪২৫ | ৪০০ | ৫৫০ | ৬০০ |
| | | [৩.২] সচেতনতা বৃদ্ধি | [৩.২.১] অনুষ্ঠিত ইভেন্ট | সংখ্যা | ২.০০ | ০ | ৮ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১২ | ১৪ |
| | | [৩.৩] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৩.৩.১] সরবরাহকৃত পরিমাণ | হাজার মে: টন | ২.০০ | ০ | ৮.০০ | ২১ | ২০ | ১৯ | ১৮ | ১৭ | ২৫ | ৩০ |
| | | [৩.৪] খাদ্যের স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণ প্রবিধানমালা প্রণয়ন | [৩.৪.১] প্রবিধানমালা প্রণয়ন | তারিখ | ১.০০ | | | ৩০-০৪-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ৩১-০৫-২০১৮ | ৩০-০৬-২০১৮ | | | |
| | | [৩.৫] নিরাপদ খাদ্য (কারিগরী কমিটি) বিধিমালা প্রণয়ন। | [৩.৫.১] বিধিমালা প্রণয়ন। | তারিখ | ১.০০ | | | ৩১-০৩-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ৩১-০৫-২০১৮ | ৩১-০১-২০১৮ | | | |
| | | [৩.৬] বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (কর্মকর্তা/কর্মচারী) চাকুরি প্রবিধানমালা প্রণয়ন। | [৩.৬.১] প্রবিধানমালা প্রণয়ন। | তারিখ | ১.০০ | | | ৩১-০৩-২০১৮ | ৩০-০৪-২০১৮ | ৩১-০৫-২০১৮ | ৩০-০৬-২০১৮ | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [৪] খাদ্যনীতি, কৌশল ও ব্যবস্থাপনার প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধিকরণ | ১০ | [৪.১] খাদ্যনীতি মনিটরিং | [৪.১.১]রিপোর্ট প্রকাশিত | সংখ্যা | ৩.০০ | ৫ | ৫ | ২১ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ২১ | ২১ |
| | | [৪.২] আন্তঃসংস্থা সমন্বয় | [৪.২.১] সমঝোতা স্মারকের সংখ্যা | সংখ্যা | ২.০০ | | ১ | ৩ | ২ | ১ | | | ৫ | ৭ |
| | | [৪.৩] জনবলের প্রশিক্ষণ | [৪.৩.১] জনবলের পরিমাণ | সংখ্যা | ২.০০ | ৩৬২ | ৪৯৫ | ৬০০ | ৫৮০ | ৫৬০ | ৫৪০ | ৫২০ | ৭০০ | ৮০০ |
| | | [৪.৪] উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | [৪.৪.১] পরিদর্শনের পরিমাণ | সংখ্যা | ২.০০ | | ২০ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | ৫৫ | ৬০ |
| | | [৪.৫] অনলাইন ডাটাবেজ আপডেটকরণ | [৪.৫.১] প্রতিমাসে আপডেট | সংখ্যা | ১.০০ | | ০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১২ | ১২ |
| [৫] খাদ্যশস্যের (চাল ও গম) মূল্য স্থিতিশীলতা নিশ্চিতকরণ | ৫ | [৫.১] খোলা বাজারে আটা বিক্রি | [৫.১.১] বিতরণকৃত পরিমাণ | লাখ মেঃ টন | ৩.০০ | ৫.০১ | ২.০০ | ২.০০ | ১.৯০ | ১.৮০ | ১.৭০ | ১.৬০ | ৩.০০ | ৪.০০ |
| | | [৫.২] খোলাবাজারে চাল বিক্রি | [৫.২.১] বিতরণকৃত পরিমাণ | হাজার মে: টন | ২.০০ | ১০০ | ৪৯ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ১০০ | ১২৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ | | | | | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ৯ | [১.১] মন্ত্রণালয়/বিভাগে ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | [১.১.১] ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১.০০ | | | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ | | |
| | | [১.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | [১.২.১] ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [১.৩] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক ২০১৬-১৭ অর্থবছরে প্রণীত তালিকা অনুযায়ী কমপক্ষে দুটি করে অনলাইন সেবা চালু করা | [১.৩.১] ন্যূনতম দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৭ | ০৭-১২-২০১৭ | ১৪-১২-২০১৭ | ২১-১২-২০১৭ | ২৮-১২-২০১৭ | | |
| | | [১.৪] মন্ত্রণালয়/বিভাগ কর্তৃক উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | [১.৪.১] উদ্ভাবনী উদ্যোগ ও SIP-সমূহের ডাটাবেস প্রস্তুতকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৭ | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | | |
| | | | [১.৪.২] উদ্ভাবনী উদ্যোগ ও SIP রেপ্লিকেটেড | % | ১.০০ | | | ৪০ | ৩০ | ২৫ | ২০ | ১০ | | |
| | | [১.৫] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | [১.৫.১] সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ১৪-০৯-২০১৭ | ২৮-০৯-২০১৭ | ১২-১০-২০১৭ | ৩১-১০-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| | | [১.৬] মন্ত্রণালয়/বিভাগের প্রতিটি শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণয়ন ও বিনষ্ট করা | [১.৬.১] তালিকা অনুযায়ী বিনষ্টকৃত নথি | % | ১.০০ | | | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | | |
| | | | [১.৬.২] শাখায় বিনষ্টযোগ্য নথির তালিকা প্রণীত | তারিখ | ০.৫০ | | | ১১-০১-২০১৮ | ১৮-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ২৫-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | | |
| | | [১.৭] সিটিজেন্‌স চার্টার অনুযায়ী সেবা প্রদান | [১.৭.১] সিটিজেন্‌স চার্টার বাস্তবায়ন সংক্রান্ত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-১২-২০১৭ | ১৫-০১-২০১৮ | ২২-০১-২০১৮ | ০৮-০২-২০১৮ | ২২-০২-২০১৮ | | |
| | | [১.৮] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [১.৮.১] নিস্পত্তি সংক্রান্ত প্রতিবেদন প্রেরিত | সংখ্যা | ০.৫০ | | | ১২ | ১১ | | | | | |
| | | | [১.৮.২] নিস্পত্তিকৃত অভিযোগ | % | ০.৫০ | | | ৯০ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | | |
| [২] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [২.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [২.১.১] নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ২৩-০৪-২০১৭ | ২৪-০৪-২০১৭ | ২৫-০৪-২০১৭ | ২৬-০৪-২০১৭ | ২৭-০৪-২০১৭ | | |
| | | [২.২] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ০৮-০৮-২০১৭ | ১০-০৮-২০১৭ | ১৩-০৮-২০১৭ | ১৬-০৮-২০১৭ | ১৭-০৮-২০১৭ | | |
| | | [২.৩] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [২.৩.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| | | [২.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [২.৪.১] নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-০১-২০১৮ | ৩১-০১-২০১৮ | ০১-০২-২০১৮ | ০৫-০২-২০১৮ | ০৬-০২-২০১৮ | | |
| | | [২.৫] আওতাধীন দপ্তর/সংস্থার সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | [২.৫.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-০৬-২০১৮ | ১৮-০৬-২০১৮ | ১৯-০৬-২০১৮ | ২০-০৬-২০১৮ | ২১-০৬-২০১৮ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৫-২০১৬ | প্রকৃত অর্জন* ২০১৬-২০১৭ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-২০১৮ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০১৮-২০১৯ | প্রক্ষেপণ ২০১৯-২০২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.১.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | [৩.২.১] স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | | [৩.২.২] অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫০ | | | ০১-০২-২০১৮ | ১৫-০২-২০১৮ | ২৮-০২-২০১৮ | ২৮-০৩-২০১৮ | ১৫-০৪-২০১৮ | | |
| | | [৩.৩] মন্ত্রণালয়/বিভাগে কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | [৩.৩.১] কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.১] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | [৪.১.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |
| | | [৪.২] ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণয়ন করা | [৪.২.১] শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫০ | | | ১৩-০৭-২০১৭ | ৩১-০৭-২০১৭ | | | | | |
| | | [৪.৩] নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিল করা | [৪.৩.১] ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫০ | | | ৪ | ৩ | | | | | |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার করা | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | [৫.১.১] তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮০ | | | | |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | [৫.২.১] স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫০ | | | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ | | |
| | | [৫.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | [৫.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৭ | ২৯-১০-২০১৭ | ১৫-১১-২০১৭ | ৩০-১১-২০১৭ | ১৪-১২-২০১৭ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, খাদ্য মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, খাদ্য মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, খাদ্য মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

২৫/০৭/১৭ ............................................ ২৫.০৭.১৭ ............................................

সচিব তারিখ

খাদ্য মন্ত্রণালয়

২৩.০৭.১৭ ............................................ ২৩.৭.১৭ ............................................

মন্ত্রিপরিষদ সচিব তারিখ

মন্ত্রিপরিষদ বিভাগ

**সংযোজনী-১**

# শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | এফএও | ফুড এন্ড এগ্রিকালচারাল অর্গানাইজেশন |
| ২ | এফপিএমইউ | ফুড প্লানিং এন্ড মনিটরিং ইউনিট |
| ৩ | এমআইএস | ম্যানেজমেন্ট ইনফরমেশন সিস্টেম |
| ৪ | ওএমএস | ওপেন মার্কেট সেল |
| ৫ | পিএফডিএস | পাবলিক ফুড ডিস্ট্রিবিউশন সিস্টেম |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] অভ্যন্তরীণ ধান সংগ্রহ | [১.১.১] সংগৃহীত ধান | বাজেট বরাদ্দের বিপরীতে সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় খাদ্যশস্য সরবরাহের পাশাপাশি নিরাপত্তামূলক খাদ্য মজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে ধান সংগ্রহ করা হয়। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে উৎপাদক কৃষকগণকে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.২] অভ্যন্তরীণ চাল সংগ্রহ | [১.২.১] সংগৃহীত চাল | নিরাপত্তামূলক খাদ্য মজুদ সংরক্ষণের জন্য অভ্যন্তরীণ উৎস হতে চাল সংগ্রহ করা হয়। এ কার্যক্রম বাস্তবায়নের ফলে উৎপাদক কৃষকগণকে তাদের উৎপাদিত পণ্যের ন্যায্যমূল্য প্রাপ্তির সুযোগ বৃদ্ধি করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] অভ্যন্তরীণ উৎস হতে গম সংগ্রহ | [১.৩.১] সংগৃহীত গম | চাহিদার মাত্র ১/৪ অংশ গম দেশে উৎপাদিত হয়। গম উৎপাদনে উৎসাহিতকরণের লক্ষ্যে অভ্যন্তরীণ উৎস হতে উল্লেখযোগ্য পরিমাণ গম সংগ্রহের মাধ্যমে কৃষকদের ন্যায্য মূল্য প্রাপ্তির পথ সুগম হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৪] বছর শেষে ন্যুনতম মজুদ গড়ে তোলা | [১.৪.১] মজুদকৃত খাদ্যশস্য | জলবায়ু পরিবর্তনজনিত উৎপাদন ঝুকি বিশেষতঃ প্রাকৃতিক দুর্যোগ, খরা, বন্যা ইত্যাদি কারণে ফসলহানির ফলে সম্ভাব্য প্রতিকুল পরিস্থিতি মোকাবেলার জন্য আপতকালীন মজুদ হিসেবে বছর শেষে খাদ্যশস্যের স্থিতির পরিমান ১০ লাখ মেট্রিক টন সংরক্ষণ করা হয় | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | বার্ষিক বাস্তব যাচাই প্রতিবেদন (APVR) |
| [১.৫] নিজস্ব সম্পদে গম আমদানি | [১.৫.১] আমদানিকৃত গম | দেশে গমের উৎপাদন চাহিদার তুলনায় কম হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় গম বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে বিদেশ থেকে গম আমদানি করতে হয় | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৬] নতুন গুদাম নির্মাণ | [১.৬.১] নির্মিত ধারণক্ষমতা | ২০২১ সাল নাগাদ মজুদক্ষমতা ৩ মিলিয়ন মেট্রিক টনে উন্নীত করা | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৭] অন্যান্য আনুষঙ্গিক নির্মাণ | [১.৭.১] নির্মিত স্থাপনার সংখ্যা | রাজস্ব বাজেটের আওতায় বিভিন্ন জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়সহ অন্যান্য নতুন নির্মাণ | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৮] গুদাম রক্ষণাবেক্ষণ ও মেরামত | [১.৮.১] মেরামতকৃত ধারণক্ষমতা | খাদ্য নিরাপত্তার অন্যতম অনুসংগ খাদ্যশস্য মজুদের জন্য পর্যাপ্ত ধারণক্ষমতা বৃদ্ধি। ধারণক্ষমতা অক্ষুন্ন রাখার লক্ষ্যে সারাদেশে পুরাতন ও জরাজীর্ণ ফ্লাট গুদাম মেরামত ও রক্ষণাবেক্ষণ করতে হয় | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [১.৯] নিজস্ব সম্পদে চাল আমদানি | [১.৯.১] আমদানিকৃত চাল | দেশে প্রাকৃতিক দুর্যোগের কারনে ফসল নষ্ট হওয়ায় সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থায় চাল বিতরণ নির্বিঘ্ন রাখার জন্য নিজস্ব সম্পদে সরকার টু সরকার বা আন্তর্জাতিক দরপত্রের মাধ্যমে চাল আমদানি করতে হয় | খাদ্য অধিদপ্তর | লাখ মেট্রিক টন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [২.১] খাদ্যবান্ধব কর্মসূচি | [২.১.১] বিতরণকৃত পরিমাণ | কর্মাভাবকালে হতদরিদ্র জনগোষ্ঠীকে খাদ্যবান্ধব কর্মসূচির মাধ্যমে বছরে ৫ মাসব্যাপী প্রতি কেজি ১০টাকা দরে প্রতি মাসে ৩০ কেজি করে চাল সরবরাহ পূর্বক খাদ্য নিরাপত্তায় ভূমিকা রাখা । | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] লক্ষ্যমুখী কর্মসূচিতে খাদ্যশস্য বিতরণ | [২.২.১] বিতরণকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্যের মূল্য স্থিতিশীল রাখা, খাদ্যশস্যের প্রাপ্যতা সহজলভ্যকরণ এবং সরকারি খাদ্য বিতরণ ব্যবস্থা (পিএফডিএস) বিশেষতঃ সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে বাজেট বরাদ্দ ও চাহিদা অনুযায়ী চাল ও গম বিক্রয় ও বিলি বিতরণ নির্বিঘ্ন রাখতে হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.১] খাদ্যের মান পরীক্ষা ও ঝুঁকি নির্ধারণ | [৩.১.১] পরীক্ষিত নমুনার সংখ্যা | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (BFSA) নিরাপদ খাদ্য নিশ্চিতকরণের লক্ষ্যে বাজার/উৎস থেকে সংগৃহীত নমুনার সংখ্যাগত মান পরীক্ষাকরণ। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] সচেতনতা বৃদ্ধি | [৩.২.১] অনুষ্ঠিত ইভেন্ট | খাদ্যে ভেজাল রোধে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন প্রকারের সভা/সেমিনার আয়োজন করা হবে। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ | [৩.৩.১] সরবরাহকৃত পরিমাণ | সামাজিক নিরাপত্তা কর্মসূচিতে অনুপুষ্টি সমৃদ্ধ চাল সরবরাহ করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৪] খাদ্যের স্বাস্থ্যসম্মত পরিবেশ সংরক্ষণ এবং প্রক্রিয়াকরণ প্রবিধানমালা প্রণয়ন | [৩.৪.১] প্রবিধানমালা প্রণয়ন | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে বর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করা প্রয়োজন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৫] নিরাপদ খাদ্য (কারিগরী কমিটি) বিধিমালা প্রণয়ন। | [৩.৫.১] বিধিমালা প্রণয়ন। | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে বর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করা প্রয়োজন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৩.৬] বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ (কর্মকর্তা/কর্মচারী) চাকুরি প্রবিধানমালা প্রণয়ন। | [৩.৬.১] প্রবিধানমালা প্রণয়ন। | নিরাপদ খাদ্য আইন, ২০১৩ বাস্তবায়নের লক্ষ্যে বর্ণিত প্রবিধানমালা প্রণয়ন করা প্রয়োজন। | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন। |
| [৪.১] খাদ্যনীতি মনিটরিং | [৪.১.১] রিপোর্ট প্রকাশিত | খাদ্য নীতি/ব্যবস্থাপনা মনিটরিং এর অংশ হিসেবে এফপিএমইউ হতে বাৎসরিক ও ত্রৈমাসিক ও পাক্ষিক প্রতিবেদন প্রকাশ করা হয়। | এফপিএমইউ, খাদ্য মন্ত্রণালয় | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.২] আন্তঃসংস্থা সমন্বয় | [৪.২.১] সমঝোতা স্মারকের সংখ্যা | নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ সংশ্লিষ্ট অন্যান্য সংস্থার সাথে MoU/চুক্তি স্বাক্ষর করবে | বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] জনবলের প্রশিক্ষণ | [৪.৩.১] জনবলের পরিমাণ | বিভিন্ন শ্রেণির মোট জনবলকে ধাপে ধাপে প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ ও যোগ্য কর্মীবাহিনীতে পরিণত করা | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] উর্ধ্বতন কর্মকর্তাদের পরিদর্শনের সংখ্যা | [৪.৪.১] পরিদর্শনের পরিমাণ | খাদ্য মন্ত্রণালয়ের কর্মকর্তাগণ কর্তৃক মাঠ পর্যায়ের স্থাপনাসমূহ নিয়মিত পরিদর্শনের মাধ্যমে প্রচলিত বিধি বিধান প্রতিপালন করা । | খাদ্য মন্ত্রণালয় | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৫] অনলাইন ডাটাবেজ আপডেটকরণ | [৪.৫.১] প্রতিমাসে আপডেট | খাদ্য মন্ত্রণালয়ের খাদ্য পরিকল্পনা ও পরিধারণ ইউনিট (এফপিইমইউ) খাদ্যশস্যের বর্তমান ও অতীতের বাজার মূল্য, বিভিন্ন সময়ের মজুত, সরকারি ও বেসরকারী খাদ্যশস্য আমদানি, বিভিন্ন সময়ের সংগ্রহ ও সরবারহ সংক্রান্ত তথ্যাদি ডাটাবেজের মাধ্যমে অনলাইনে (http://fpmu.gov.bd/fpmu-database/MAIN.HTM) প্রকাশ করে এবং প্রতি মাসে তা আপডেট করে। | এফপিইমইউ, খাদ্য মন্ত্রণালয় | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.১] খোলা বাজারে আটা বিক্রি | [৫.১.১] বিতরণকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ আটার মূল্য উর্দ্ধগতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনামাফিক খাদ্যশস্য ছাড় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। এ পরিকল্পনার অধীনে খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে আটা বিক্রয় করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |
| [৫.২] খোলাবাজারে চাল বিক্রি | [৫.২.১] বিতরণকৃত পরিমাণ | বাজারে খাদ্যশস্য বিশেষতঃ চালের মূল্য উর্দ্ধগতি রোধকল্পে সরকারি গুদাম থেকে পরিকল্পনা মাফিক খাদ্যশস্য ছাড় করে বাজার মূল্য নিয়ন্ত্রণ করা হয়। এ পরিকল্পনার অধীনে খোলাবাজারে ওএমএস পদ্ধতিতে চাল বিক্রয় করা হয়। | খাদ্য অধিদপ্তর | প্রতিবেদন | মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি করা | সুবিধাভোগী শ্রেণির সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত না হলে সামাজিক নিরাপত্তা বিঘ্নিত হতে পারে। |
| মন্ত্রণালয় | সমাজকল্যাণ মন্ত্রণালয় | বিতরণকৃত পরিমাণ | চাহিদার বিপরীতে বিতরণের জন্য বরাদ্দপত্র জারি করা | সুবিধাভোগী শ্রেণির সক্ষমতা বৃদ্ধির মাধ্যমে জীবন মান উন্নয়ন করার লক্ষ্যে সামাজিক নিরাপত্তা বেষ্টনী কর্মসূচি নিশ্চিত করা। | বিতরণ লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| মন্ত্রণালয় | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় | নির্মিত ধারণক্ষমতা,নির্মিত স্থাপনার সংখ্যা | মান সম্মত আধুনিক প্রযুক্তি নির্ভর নতুন গুদাম নির্মাণ ও পুরাতন গুদাম মেরামতে সহায়তা | সংরক্ষিত খাদ্যশস্যের মান দীর্ঘদিন অক্ষুন্ন রেখে গুদাম ঘাটতি হার হ্রাস করা ও অধিক মানসম্মত খাদ্যশস্য বিলি বিতরণ করা। | লক্ষ্যমাত্রা অর্জিত না হলে নিরাপদ সংরক্ষণ ও খাদ্য সংগ্রহ কাজে ব্যঘাত সৃষ্টি হতে পারে। |